দৈনিক খবর

তারিখ 24 MAR 1999
পৃষ্ঠা ... 7 ... কলাম 7

03

# কোন শিক্ষা চ্যানেলেই অন্ধগলি থাকা উচিৎ নয়ঃ সৈয়দ আলী আহসান

।। স্টাফ রিপোর্টার ।।

জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান বলেছেন, কোন শিক্ষা চ্যানেলেই অন্ধগলি থাকা উচিত নয়। তিনি গতকাল ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের ১৪তম জাতীয় কাউন্সিল সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ অর্থনীতি সভাপতি ডঃ মোজাফফর আহমদ।

ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ-এর দু'দিনব্যাপী ১৪তম জাতীয় কাউন্সিল

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## কোন শিক্ষা চ্যানেলে

প্রথম পৃষ্ঠার পর

সম্মেলন গতকাল শুক্রবার ওয়াপদা মিলনায়তনে শুরু হয়। ইনস্টিটিউটের সভাপতি শফিউদ্দিন সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অধিবেশনে সারাদেশ থেকে আগত ৫ শতাধিক কাউন্সিলরসহ দু'হাজার ডেলিগেট ও সদস্য প্রকৌশলী উপস্থিত ছিলেন। অধিবেশনে ইনস্টিটিউটের পক্ষে মূল বক্তব্য 'আমাদের কথা-৭' উপস্থাপন করেন জনাব শফিউদ্দিন সরকার এবং স্বাগত ভাষণ দেন সাধারণ সম্পাদক এ কে এম এ হামিদ।

অধ্যাপক সৈয়দ আলী আহসান বলেন, শিক্ষার মূল লক্ষ্য হওয়া উচিত দেশের জন্য কাজের লোক সৃষ্টি করা। একটি দেশে কাজের সাথে সঙ্গতি রেখে এবং জনগণের অর্থনৈতিক উন্নয়ন মূল লক্ষ্য হিসেবে নির্ধারণ করেই শিক্ষা ব্যবস্থা চালু হয়ে থাকে। তিনি বাংলাদেশের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে কারিগরি শিক্ষার উপর গুরুত্ব আরোপ করে বলেন, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এবং তার নিম্নস্তরের শিক্ষাই এ জন্য অধিক প্রয়োজন। কোন শিক্ষা চ্যানেলেই অন্ধগলি থাকা উচিত নয় বলে তিনি মন্তব্য করেন।

বিষয়ভিত্তিক বিশ্ববিদ্যালয় সম্পর্কে সৈয়দ আলী আহসান বলেন, বাংলাদেশের ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় এবং কৃষি বিশ্ববিদ্যালয়ের মত বিষয়ওয়ারী বিশ্ববিদ্যালয় পৃথিবীতে আর কোথাও নেই। তিনি এ ধরনের বিশ্ববিদ্যালয়কে অপচয়ের সূতিকাগাররূপে আখ্যায়িত করে কৃষি এবং ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়কে সত্যিকার বিশ্ববিদ্যালয়ে পরিণত করার আহবান জানান।

ডঃ মোজাফফর আহমদ শিক্ষার দর্শনের উল্লেখ করে বলেন, দেশের স্বার্থেই আমাদের শিক্ষা ব্যবস্থা পুরোপুরি ঢেলে সাজানো প্রয়োজন। তিনি খণ্ডিত শিক্ষার সমালোচনা করে বলেন, এ ধরনের শিক্ষা ব্যবস্থা জাতির কোন মঙ্গল সাধন করতে পারে না।